

# নিপাহ রোগ বিষয়ে স্বাস্থ্য বার্তা

নিপাহ একটি ভাইরাসজনিত রোগ, যা বাদুড় থেকে মানুষে সংক্রমিত হয়। এ রোগের প্রধান লক্ষণগুলো হচ্ছে- জ্বরসহ মাথাব্যথা, খিঁচুনি, প্রলাপ বকা, অজ্ঞান হওয়াসহ কোন কোন ক্ষেত্রে শ্বাসকষ্ট।

**নিপাহ রোগ প্রতিরোধে সর্বসাধারণকে নিম্নেবর্ণিত নিয়মাবলী অনুসরণের পরামর্শ দেয়া হচ্ছে-**

- ❖ খেজুরের কাঁচা রস খাবেন না
- ❖ কোন ধরনের আংশিক খাওয়া ফল খাবেন না
- ❖ ফলমূল পরিষ্কার পানি দিয়ে ভালো মতো ধুয়ে খাবেন
- ❖ রোগীকে যত দ্রুত সম্ভব নিকটস্থ সরকারি হাসপাতালে প্রেরণ করুন
- ❖ আক্রান্ত রোগীর সংস্পর্শে আসার পর সাবান ও পানি দিয়ে হাত ধুয়ে ফেলুন।

**নিপাহ উপদ্রুত অঞ্চলের সরকারি হাসপাতালে বিশেষজ্ঞ দল সার্বক্ষণিকভাবে কাজ করছে।**



স্বাস্থ্য শিক্ষা বুরো, স্বাস্থ্য অধিদপ্তর  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়